দৈনিক বাংলা

তারিখ 02 OCT 1995
পৃষ্ঠা ৫ কলাম ৫

## মাদ্রাসা ছাত্রদের প্রতি অবহেলা কেন?

জনমত

শতকরা ৯৫ জন মুসলমানের দেশ বাংলাদেশে ইসলামী শিক্ষা প্রাধান্য না হোক বিশেষ গুরুত্ব পাওয়ার কথা। উল্লেখ্য, বিগত সরকারের আমলে দাখিল-কে এসএসসির সমমান ও আলিমকে এইচএসসির সমমান করা হয়। কিন্তু দুঃখের বিষয়, একজন ফাজিল জামাতের ছাত্র স্নাতক পর্যায়ের সকল কোর্স চালিয়ে যাওয়া সত্ত্বেও স্নাতকের মান পায় না। এ বছরের প্রথম দিকে ফাজিলকে বিএ'র সমমান দেয়া হবে বলে শোনা গিয়েছিল। কিন্তু গত ১৩ জুন দৈনিক ইনকিলাবে প্রকাশিত সরকারী বিজ্ঞপ্তি দেখে আমাদের হতাশ হতে হল। বিজ্ঞপ্তিতে প্রাথমিক বিদ্যালয়ে চাকরি প্রার্থীদের যোগ্যতা স্নাতক পর্যায়ের চাওয়া হয়েছে। কিন্তু ফাজিলের কোন উল্লেখ নেই। এদিকে দেখা যায়, সাধারণ শিক্ষা বোর্ডের পরীক্ষার রুটিন এক মাস পূর্বে ঘোষণা করা হয়। মাদ্রাসা বোর্ডের পরীক্ষার বেলায় ঘটে তার ব্যতিক্রম। উল্লেখ্য যে মাদ্রাসা বোর্ডের আলিম, ফাজিল, কামিল পরীক্ষা গত ৮ জুন এর পরিবর্তে ১৭ জুলাইয়ে নেয়া হয়। পরীক্ষার মাত্র কয়েক দিন পূর্বে রুটিন ঘোষণা করা হয়। কিন্তু কেন এ বৈষম্য?. মাদ্রাসা শিক্ষা ও মাদ্রাসার ছাত্রদের প্রতি এ অবহেলার হেতু কি? তবে কি মুসলিম প্রধান এদেশে ইসলামী শিক্ষা তথা মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা চালু থাকুক কর্তৃপক্ষের তা অভিপ্রেত নয়? সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এর জবাব দেবেন কি?

**খাজা মোঃ বাকীবিল্লাহ**
৩৭৪ আলিয়া হল
সরকারী আলিয়া মাদ্রাসা,
বকশি বাজার, ঢাকা-১২১১